# হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ বেলায়াত, আওলিয়া ও ইলম বিষয়ক

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

২৯. ইলম, আমল ও ইখলাসের ফযীলত

ইলম, আমল ও ইখলাসের গুরুত্ব সম্পর্কে কুরআন-হাদীসে অনেক নির্দেশনা রয়েছে। পাশাপাশি কিছু জাল হাদীস সমাজে প্রচলিত। যেমন:

اَلنَّاسُ كُلُّهُمْ مَوْتَى/هَلْكَى إِلاَّ الْعَالِمُوْنَ وَالْعَالِمُوْنَ كُلُّهُمْ هَلْكَى إِلاَّ الْعَامِلُوْنَ وَالْعَامِلُوْنَ كُلُّهُمْ غَرْقَى إِلاَّ الْمُخْلِصُوْنَ وَالْمُخْلِصُوْنَ عَلَى خَطَرٍ عَظِيْمٍ

“সকল মানুষ মৃত/ ধ্বংসের মধ্যে নিপতিত, শুধু আলিমগণ ছাড়া। আলিমগণ সকলেই ধ্বংসপ্রাপ্ত শুধু আমলকারীগণ ছাড়া। আমলকারীগণ সকলেই ধ্বংসপ্রাপ্ত/ডুবন্ত শুধু মুখলিসগণ ছাড়া। মুখলিসগণ কঠিন ভয়ের মধ্যে।”

মুহাদ্দিসগণ একমত যে, এ কথাগুলো জাল। কোনো সহীহ, যয়ীফ বা মাউযূ সনদেও তা রাসূলুল্লাহ ﷺ থেকে বর্ণিত হয় নি। দরবেশ হূত বলেন: “সামারকানদী তার ‘তানবীহুল গাফিলীন’ পুস্তকে এ ‘হাদীস’টি উল্লেখ করেছে। আর ওয়াযিযগণ তা নিয়ে মাতামাতি করেন। এ পুস্তকটিতে অনেক মিথ্যা ও মাউযূ হাদীস রয়েছে। এজন্য পুস্তকটির উপর নির্ভর করা যায় না।”[1]

## ফুটনোট

[1] দরবেশ হূত, আসনাল মাতালিব, পৃ ২৪৬। আরো দেখুন: সাগানী, আল-মাউদূ‘আত, পৃ. ৩৮, আজলূনী, কাশফুল খাফা ২/৪১৫; আলবানী, যায়ীফাহ ১/১৭৪।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4890

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন